### জয়ী এফসি গোয়া

আইএসএলে ওড়িশা এফসিকে ২–১ হারাল এফসি গোয়া। তাদের একটি গোল ব্রাইসন ফার্নান্ডেজের। অন্যটি পুইতিয়ার আত্মঘাতী। ওড়িশার গোলদাতা রাহুল কেপি। জিতেও শীর্ষে থাকা মোহনবাগানের থেকে এক ম্যাচ কম খেলে দ্বিতীয় স্থানে গোয়া (৩৬ পয়েন্ট)।

## জয়ী রিয়েল, হারল আর্সেনাল

আজকালের প্রতিবেদন: কোপা ডেল রে–তে লেগানেসের বিপক্ষে শেষ মুহূর্তের গোলে কষ্ট করে জয় পেল রিয়েল মাদ্রিদ। ফল ৩–২। ম্যাচের সংযুক্তি সময়ে গোল করে নায়ক গঞ্জালো গার্সিয়া। এদিন ২৫ মিনিটের মধ্যে দু’গোলে এগিয়ে যায় রিয়েল। ১৮ মিনিটে প্রথম গোল লুকা মদ্রিচের। মিনিট সাতেকের মধ্যে ব্যবধান বাড়ান এন্ড্রিক। এর পরই খেলায় ছন্দপতন। প্রথমার্ধের শেষদিকে পেনাল্টি থেকে গোল করেন লেগানেসের হুয়ান ক্রুজ। বিরতির পর দলকে সমতায় ফেরান তিনিই। তবে গার্সিয়া গোল করে রিয়েলকে কাঙ্ক্ষিত জয় এনে দেন। অন্য ম্যাচে গেটাফে–কে ৫–০ হারিয়েছে অ্যাটলেটিকো মাদ্রিদ। জোড়া গোল গিউলিয়ানো সিমিওনের। বাকি তিনটি গোল করেছেন স্যামুয়েল লিনো, অ্যাঞ্জেল কোরেয়া ও আলেকজান্ডার সরলোথ।

এদিকে, ইংলিশ লিগ কাপের সেমিফাইনাল থেকেই ছিটকে গেল আর্সেনাল। প্রথম লেগে নিউক্যাসলের কাছে ০–২ হেরেছিল। বুধবার ফিরতি লেগেও একই ফলে হেরেছে আর্সেনাল। দুই লেগ মিলিয়ে নিউক্যাসল জিতেছে ৪–০ ব্যবধানে। এদিন ম্যাচের দুই গোলদাতা জেকব মার্ফি ও অ্যান্থনি গর্ডন।

## ফিরলেন চেনা নেইমার



বিপক্ষের ফুটবলারের কড়া ট্যাকলে মাটিতে পরে যন্ত্রণায় কাতরাচ্ছেন নেইমার। ছবি: পিটিআই

**আজকালের প্রতিবেদন**

দীর্ঘ অপেক্ষা কাটিয়ে বৃহস্পতিবার মাঠে ফিরলেন নেইমার। গত সপ্তাহেই আল হিলালের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে শৈশবের ক্লাব স্যান্টোসে যোগ দিয়েছিলেন। এদিন বোটাফোগোর সঙ্গে ১–১ ড্র করে স্যান্টোস। সেই ম্যাচে ৫২ মিনিট খেললেন নেইমার। দ্বিতীয়ার্ধে পরিবর্ত হিসেবে নামেন তিনি। গোল না পেলেও প্রতিপক্ষ বক্সে তাঁর ক্ষীপ্রতা, গোল লক্ষ্য করে দূর থেকে শট নেওয়া দেখে বিশেষজ্ঞরা মনে করছেন, দ্রুত ছন্দে পাওয়া যাবে ব্রাজিলিয়ান তারকাকে। পরিসংখ্যান বলছে, এদিন ৬টি গোল লক্ষ্য করে শট নেওয়ার পাশাপাশি ২২টি সফল পাস দিয়েছেন নেইমার। তবে দ্বিতীয়ার্ধে মাঠে নামার পর তাঁকে সবচেয়ে বেশি ফাউল করা হয়। ৭১ মিনিটে নেইমারকে বাজে ট্যাকেল করে লাল কার্ড দেখেন বিপক্ষের ফুটবলার। স্বস্তির খবর, নেইমারের গুরুতর চোট লাগেনি।

গত দুই মরশুম খেলার থেকে বেশি সময় সাইডলাইনে কাটাতে হয়েছে নেইমারকে। তিনি যে এখনও পুরোপুরি ফিট নন, এমনটা জানিয়ে নেইমার বলেন, ‘আমায় আরও ম্যাচ খেলতে হবে। এখনও ১০০ শতাংশ ফিট নই। তাই আজ এতটা ওয়ার্কলোড নিতে পারব, ভাবিনি।’

ফিটনেস সমস্যায় খেলতে পারছিলেন না বলে আল হিলালে সমালোচনায় বিদ্ধ হয়েছিলেন নেইমার। তাঁর কথায়, ‘মাঠে অন্যরকম কিছু করে দেখাতে পারব জানতাম। যাবতীয় সমালোচনার জবাব তাই মাঠে দেওয়াই ভাল।’

## লিগ শিল্ডের গন্ধ পাচ্ছেন শুভাশিস, চেন্নাইন ম্যাচে ফিরছেন সল

## বাগানে ‘বসন্ত’, ৪ দিনের ছুটি ঘোষণা

**আজকালের প্রতিবেদন**

পাঞ্জাব এফসিকে হারিয়ে আইএসএল প্লে–অফ নিশ্চিত করে ফেলেছে মোহনবাগান সুপার জায়ান্ট। ২০ ম্যাচে ৪৬ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষে থাকা বাগানের আর ৪টি মাত্র ম্যাচ বাকি। দ্বিতীয় ও তৃতীয় স্থানে থাকা এফসি গোয়া ও জামশেদপুরের যা পয়েন্ট, তাতে হোসে মোলিনার দল পরের দুম্যাচ জিতলেই লিগ শিল্ড পকেটে পুরে ফেলবে। কিন্তু এই অঙ্ক মাথায় নিয়ে কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে নামতে নারাজ বাগান কোচ হোসে মোলিনা। তাঁর সাফ কথা, ‘প্রতিপক্ষ কে কোন্ জায়গায় আছে, কে কতদূর পৌঁছতে পারে, এই অঙ্ককে গুরুত্ব দিচ্ছি না। বাকি সব ম্যাচই জেতার লক্ষ্যে খেলতে হবে।’ আপাতত বাগানে বসন্তের হাওয়া। ফুটবলারদের ৪ দিন ছুটি দিয়েছেন মোলিনা। তবে বাগান কোচ আত্মবিশ্বাসী থাকলেও আত্মতুষ্টিকে শিবিরের ধারেকাছে ঘেঁষতে দিচ্ছেন না।

অধিনায়ক শুভাশিস বসুও মোলিনার সুরে বললেন, ‘ঘরের মাঠে টানা ৯ ম্যাচ জেতার নজির তৃপ্তি দিচ্ছে ঠিকই, তবে এখনও আমরা অভীষ্ট লক্ষ্যে পৌঁছোইনি। বাকি ৪ ম্যাচ থেকে ১২ পয়েন্ট তুলে লিগ শিল্ড জিতে অনন্য নজির গড়াই লক্ষ্য।’ শুভাশিস আরও বলেন, ‘চাপমুক্তভাবে খেলতে উজ্জীবিত করার নেপথ্যে কোচের অবদান অনস্বীকার্য। কোনও পরিস্থিতিতেই ধৈর্য্য হারান না। ফুটবলারদের ওপর অটুট আস্থাই সেরা বের করে আনছে প্রতি ম্যাচে।’

শুভাশিস বাড়িয়ে কিছু বলেননি। পাঞ্জাব ম্যাচের আগে ম্যাকলারেনের গোল–খরা নিয়ে যখন আশঙ্কা প্রকাশ করা হচ্ছিল, তখন মোলিনা নির্বিকারভাবেই বলেছিলেন, ‘ধৈর্য্য ধরুন, ম্যাকলারেন গোল করবে।’ পাঞ্জাব ম্যাচে সেই ম্যাকলারেন ২ গোল করেছেন। স্বাভাবিকভাবেই খুশি মোলিনা। সোশ্যাল মিডিয়া পোস্টে ম্যাকলারেন জানিয়েছেন, সদ্য প্রয়াত মোহনবাগান সমর্থক সমরকুমার চাকীকে তিনি গোল দুটো উৎসর্গ করেছেন।

এদিকে, কার্ড সমস্যায় পরের ম্যাচ গ্রেগ স্টুয়ার্ট খেলবেন না। তবে সেই নিয়ে মোলিনা চিন্তিত নন। কারণ, তাঁর হাতে বিকল্পের অভাব নেই।

## সেলিসকে নিয়ে চিন্তায় ইস্টবেঙ্গল

**আজকালের প্রতিবেদন**

রিচার্ড সেলিসকে নিয়ে হঠাৎ করেই কিছুটা চিন্তায় ইস্টবেঙ্গল শিবির। বুধবার অনুশীলনের শুরুর দিকে থাকলেও পরে কুঁচকিতে ব্যথা হওয়ায় মূল অনুশীলনে ছিলেন না। কলকাতায় আসার পর থেকে টানা ম্যাচ খেলা এবং অনুশীলনের জন্য এই সমস্যা হয়েছে বলে মনে করা হয়েছিল। কিন্তু তিনি চিন্তা কিছুটা বাড়ালেন বৃহস্পতিবার অনুশীলনে না এসে। সূত্রের খবর, ব্যথা কমানোর জন্য ইঞ্জেকশন নিয়েছেন তিনি। তবে ইস্টবেঙ্গল শিবির জোর দিয়ে বলছে, শুক্রবার বিকেলের অনুশীলনে তিনি নামতে পারবেন। এমনকি রিচার্ডকে সুস্থ হওয়ার জন্য কিছুটা অতিরিক্ত সময় দিতেই নাকি ম্যাচের আগের দিন বিকেলে অনুশীলন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অন্যদিকে, শুক্রবার দুপুরের বিমানে কলকাতা চলে আসছেন ইস্টবেঙ্গলের নবাগত বিদেশি রাফায়েল মেসি বৌলি। তিনি খুব ক্লান্ত না থাকলে, বিমানবন্দর থেকে সরাসরি যুবভারতীর অনুশীলন মাঠে যেতে পারেন। শনিবার চেন্নাইন এফসি–র বিরুদ্ধে রিজার্ভ বেঞ্চে থাকবেন। শেষের দিকে মাঠেও নামতে পারেন।

শেষ কয়েকদিন ধরেই দলের সঙ্গে অল্প অল্প অনুশীলন করছিলেন দীর্ঘদিন পর চোট সারিয়ে মাঠে ফেরা সল ক্রেসপো। বৃহস্পতিবার পুরোটা সময় প্রথম দলে থেকেই অনুশীলন করলেন তিনি। তবে এতদিন পর মাঠে ফেরার জন্যই হয়তো কিছুটা আড়ষ্ট লাগছে সলকে। জিকসন, মহেশদের সঙ্গে মাঝমাঠে খেলবেন এই বিদেশি। রিচার্ড সেলিসের খেলার বিষয়ে ইস্টবেঙ্গল আশাবাদী হলেও, লেফট উইংয়ে তৈরি রাখা হচ্ছে নন্দকুমারকে। রাইটব্যাক হিসাবে প্রভাত লাকরা আর মহম্মদ রাকিপের মধ্যে কে চেন্নাইনের বিরুদ্ধে খেলবেন, তা চূড়ান্ত হবে শুক্রবারের অনুশীলনে। ক্লেইটন সিলভা বৃহস্পতিবার অনুশীলনেই এলেন না। এর মধ্যে ইস্টবেঙ্গলের অন্দরের খবর, এক নতুন বিদেশি ডিফেন্ডারের সঙ্গে কথাবার্তা নাকি অনেকটাই এগিয়েছে। তবে এই বিষয়ে মুখে কুলুপ এঁটেছেন কর্তারা। আগামী কয়েকদিনের মধ্যে বিষয়টি স্পষ্ট হয়ে যাবে। তবে একজন নতুন বিদেশি ডিফেন্ডার এলে আইএসএলের শেষ পর্যায়ে ইস্টবেঙ্গলের রক্ষণভাগ যে শক্তিশালী হবে, তা বলাই বাহুল্য।

## মেসির ছেলের ১১ গোল!

**আজকালের প্রতিবেদন**

লিওনেল মেসির যোগ্য উত্তরসূরি কি থিয়াগো মেসি? এখনই এত ভারী তকমা তার ঘাড়ে না চাপালেও থিয়াগো যে সঠিক পথেই রয়েছে, তা হলফ করে বলা যায়। ইন্টার মায়ামির অনূর্ধ্ব ১৩ দলে খেলছে সে। বুধবার মায়ামির জার্সিতে দুরন্ত ফুটবল উপহার দিয়েছে থিয়াগো। অনূর্ধ্ব ১৩ মেজর লিগ সকারের ম্যাচে আটলান্টাকে ১২–০ হারিয়েছে মায়ামি। এর মধ্যে ডবল হ্যাটট্রিক–সহ একাই ১১ গোল করেছে মেসির ছেলে!

ম্যাচের প্রথমার্ধেই ৫ গোল এসেছে থিয়াগোর পা থেকে। দ্বিতীয়ার্ধে বাকি ৬ গোল। ৮১ মিনিটে মায়ামির হয়ে আরও একটি গোল করেছে দিয়েগো লুনা জুনিয়র।

বাবার জুতোয় পা গলানো সহজ নয়। আর সেই বাবা যদি হন লিওনেল মেসি, তাহলে জুতো পরে হাঁটা আরও কঠিন। থিয়াগো ছোট্ট ছোট্ট পায়ে এগোচ্ছে।



*ইন্টার মায়ামির জার্সি গায়ে থিয়াগো মেসি। ছবি: এক্স*

## সুপার কাপ কি গোয়ায়

আজকালের প্রতিবেদন: আইএসএলের সূচি অনুযায়ী ১২ মার্চ শেষ ম্যাচে খেলবে হায়দরাবাদ–কেরল। মোহনবাগানের শেষ ম্যাচ ৮ মার্চ গোয়ার বিরুদ্ধে। একইদিনে ইস্টবেঙ্গলের শেষ খেলা নর্থইস্টের বিরুদ্ধে। এর মাঝেই ইস্টবেঙ্গলকে খেলতে হবে এএফসি চ্যালেঞ্জ লিগের নকআউট পর্বে। তাই লাল–হলুদ আইএসএল কমিটির কাছে শেষ ম্যাচের দিন বদলানোর আবেদন জানিয়েছে। তবে তা রাখা সম্ভব হবে না লিগ কমিটির পক্ষে। কারণ ১৩ মার্চ থেকে ভারতীয় ফুটবল দলের শিবির শুরু। ২৫ মার্চ এএফসি এশিয়ান কাপ কোয়ালিফায়ারের জন্য। সেকারণে লিগ শিল্ড পর্ব মেটার পরেই আইএসএল নকআউটের খেলা করা সম্ভব হচ্ছে না। মার্চের শেষে নকআউট পর্ব হওয়ার কথা। সেটা মিটলে সুপার কাপ আয়োজনের ভাবনা ফেডারেশনের। তবে কী ফরম্যাটে বা কোন শহরে খেলা হবে, কোনও সিদ্ধান্ত হয়নি। শোনা যাচ্ছে, এপ্রিলের মাঝামাঝি গোয়ায় হতে পারে।

ফেডারেশনের দিক থেকে একটাই ইতিবাচক বিষয় এই মুহূর্তে তুলে ধরা হয়েছে, সেটা হল, আইলিগ ও আইডব্লুএল ক্লাব প্রতিনিধিদের সঙ্গে সভপতি কল্যাণ চৌবের আলোচনা ফলপ্রসূ হয়েছে। ম্যাচ সম্প্রচার ও অন্যান্য ইস্যুতে আই লিগের ক্লাবগুলি মরশুমের শুরুতে খেলতে চায়নি। শেষপর্যন্ত সমঝোতা হয়। ফেডারেশনের তরফে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, ক্লাবের দাবিগুলি মানা হবে।

## রেড রোজ কাপ ২০২৫




বাসুদেবপুর রেড রোজ ক্লাব,বাসুদেবপুর, এগরা, পূর্ব মেদিনীপুর এর পরিচালনায় অনুষ্ঠিত হতে চলেছে দিবা রাত্রী ব্যাপী বিশাল ক্রিকেট টুর্নামেন্ট। ৭ই ফেব্রুয়ারি, ২০২৫ এতে উপস্থিত থাকবেন অন্যান্যবারের ন্যায় বিশিষ্ট ক্রীড়াবিদ, সাংস্কৃতিক ও রাজনৈতিক ব্যক্তিত্ব।


बैंक ऑफ़ इंडिया Bank of India BOI — Relationship Beyond Banking

**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
**সল্টলেক শাখা**
**প্রথম তল, ডিডি ২, সল্টলেক, সেক্টর ১, বিধাননগর, কল - ৭০০০৬৪**

**অতিরিক্ত লকার ভাড়া পরিশোধের জন্য বিজ্ঞপ্তি**

| ক্রম নং | লকারধারীর নাম | ঠিকানা | অতিরিক্ত লকার ভাড়া (রুপি তে) | নোটিস পাঠানোর বিস্তারিত | অবিলম্বে থেকে |
|---|---|---|---|---|---|
| ১ | ভারতী বসু<br>লকার নং-০০০০৪৭ টাইপ-এ | BF 56 সল্টলেক<br>কলকাতা,<br>পিন 700064 | ১৩,৫০০/- টাকা | ০৬-০৭-২০২০<br>০৬-০৮-২০২০<br>১৯-০৫-২০২২<br>১৪-০২-২০২৩<br>২৩-১০-২০২৪<br>২৭-০১-২০২৫ | ২৯-০৬-২০১৬ |
| ২ | লেখা শ্রীবাস্তব<br>লকার নম্বর-000462<br>টাইপ-এ | EC 28<br>সল্টলেক সিটি<br>কলকাতা, পিন 700064 | ১৬,৮০০/- টাকা | ২০-১১-২০১৯<br>০৬-০৭-২০২০<br>০৬-০৮-২০২০<br>১৯-০৫-২০২২<br>২৩-১০-২০২৪<br>২৭-০১-২০২৫ | ০২-১২-২০১৫ |
| ৩ | সুনীত মজুমদার<br>লকার নং-০০০৪৮৪<br>টাইপ-এ | EC 32<br>সল্টলেক সিটি<br>কলকাতা, পিন 700064 | ৯০০০/- টাকা | ২০-১১-২০১৯<br>২৮-০৭-২০২০<br>২৮-০৮-২০২০<br>১৮-০১-২০২১<br>১৪-০২-২০২৩<br>২৩-১০-২০২৪<br>২৭-০১-২০২৫ | ০৩-০৮-২০১৯ |

"উল্লিখিত সমস্ত লকার হোল্ডাররা **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সল্টলেক শাখার** সাথে লকারগুলি বজায় রাখছেন। আমরা উপরের টেবিলের 5 নং কলামে উল্লিখিত তারিখে অতিরিক্ত লকার ভাড়া প্রদানের বিষয়ে বিভিন্ন যোগাযোগ পাঠিয়েছি। তবে, বিভিন্ন অনুস্মারক সত্ত্বেও তা পরিশোধ করা হয়নি। সমস্ত লকার হোল্ডারকে আবারও উপরে উল্লিখিত 4 দিনের মধ্যে অতিরিক্ত 1 দিনের মধ্যে অতিরিক্ত ভাড়া জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। এই বিজ্ঞপ্তির প্রকাশনা পেমেন্ট না করার ক্ষেত্রে ব্যাঙ্ক তাদের (লকার-ধারকদের) খরচ, খরচ এবং চার্জ সম্পূর্ণভাবে তাদের ঝুঁকি ও দায়িত্বে এই প্রকাশনা/বিজ্ঞপ্তির তারিখ থেকে 15 দিন পরে খুলবে"।

**তারিখ: ০৭.০২.২০২৫**
**স্থান: সল্টলেক**

**অনুমোদিত অফিসার**
**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**



केनरा बैंक Canara Bank — A Govt. of India Undertaking — सिंडिकेट Syndicate

**কাঁথি ব্রাঞ্চ**
**কিশোরনগর, পোঃ ও থানা– কাঁথি, পূর্ব মেদিনীপুর, পিন ৭২১৪০১**

**দখল বিজ্ঞপ্তি**
**স্থাবর সম্পত্তির জন্য [সেকশন ১৩(৪)]**

যেহেতু, নিম্নস্বাক্ষরকারী **কানাড়া ব্যাঙ্ক–এর অনুমোদিত অফিসার** হিসেবে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ (অ্যাক্ট ৫৪ অফ ২০০২)–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যাতে উক্ত বিজ্ঞপ্তিগুলি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিগুলিতে বর্ণিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদেরকে আহ্বান জানানো হয়েছিল।

যেহেতু সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/জামিনদার সংশ্লিষ্ট পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় বিশেষত ওই ঋণগ্রহীতা/জামিনদার এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অর্ডিনান্সের ১৩(৪) ধারাধীনে তাঁর (পুং/স্ত্রী) ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তিগুলির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তিগুলি নিয়ে যে কোনও লেনদেন ওপরে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তার ওপর পরবর্তী সুদ, আনুষঙ্গিক খরচ, খরচ মাশুল সমেত কানাড়া ব্যাঙ্ক–এর চার্জসাপেক্ষ হবে।

দি অ্যাক্টের সেকশন ১৩(৮)–এর প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করে সময়ে অর্থাঙ্ক পরিশোধ করে জামিনযুক্ত সম্পদ ছাড়িয়ে নিতে বলা হচ্ছে।

| ক্রম নং | (ক) ব্রাঞ্চের নাম (খ) ঋণগ্রহীতা (গণ)/ জামিনদার (গণ)/ বন্ধকদাতা (গণ)–এর নাম | বন্ধক রাখা সম্পত্তির বিবরণ | (ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ (খ) বকেয়া অর্থাঙ্ক (গ) দখলের তারিখ |
|---|---|---|---|
| ১. | (ক) কাঁথি ব্রাঞ্চ<br>(খ) শ্রী চন্দন দাস | সম্পত্তির সকল অপরিহার্য অংশ অবস্থিত জেলা– পূর্ব মেদিনীপুর, এডিএসআর– কাঁথি–১, কাঁথি, থানা– কাঁথি, মৌজা– মুন্ডাপাড়া, জে এল নং ৪৪০, এল আর খতিয়ান নং ১১৫৫, আর এস ও এল আর দাগ/ প্লট নং ২৩৯ এবং ২৪৬ পরিমাপ ২০.৮৫৩ ডেসিমেল + ১০.৩৩৩ ডেসিমেল=৩১.১৮৬ ডেসিমেল। বাস্তুজমি নামাঙ্কিত শ্রী চন্দন দাস যার নথিভুক্ত দান দলিল নং আই–৫৭৩ সাল ২০১৫। চৌহদ্দি:– উত্তরে: প্লট নং ২৪৪/৮২৪, ৮২২, ৭৩৫, দক্ষিণে: একই প্লট নং ২৩৯ এবং ২৪৬ এর বাকি অংশ, পূর্বে: প্লট নং ২৪৮, পশ্চিমে: দক্ষিণ অংশের গ্রামের রাস্তা থেকে পশ্চিম অংশে প্লট নং ২৩৯–এর সাধারণ পথ। | (ক) ১২.১১.২০২৪<br>(খ) ₹২৯,০৪,২০৬.৪৮ (ঊনত্রিশ লক্ষ চার হাজার দুইশো ছয় টাকা ও আটচল্লিশ পয়সা মাত্র) এবং তদুপরি সুদ<br>(গ) ০৫.০২.২০২৫ |
| ২. | (ক) কাঁথি ব্রাঞ্চ<br>(খ) শ্রী রাজেশ গিরি (ঋণগ্রহীতা) এবং শ্রীমতী শ্যামলী রাউত (বন্ধকদাতা) | সম্পত্তির সকল অপরিহার্য অংশ অবস্থিত জেলা– পূর্ব মেদিনীপুর এডিএসআর রামনগর, রামনগর, থানা– রামনগর, মৌজা– বড়রানকুয়া, জে এল নং ২০০, এল আর খতিয়ান নং ২৪৮০, আর এস ও এল আর দাগ/ প্লট নং ৩০৬, পরিমাপ ০৪ ডেসিমেল বাস্তুজমি–সহ বিল্ডিং নামাঙ্কিত শ্রীমতী শ্যামলী রাউত। চৌহদ্দি:– উত্তরে: প্লট নং ১৬২, দক্ষিণে: একই প্লট নং ৩০৬ এর বাকি অংশ, পূর্বে: একই প্লট নং ৩০৬ এর বাকি অংশ, পশ্চিমে: সরকারি রাস্তা এবং প্লট নং ৩০৫ | (ক) ২১.১০.২০২৪<br>(খ) ₹৬,৯২,১১৭.০০ (ছয় লক্ষ বিরানব্বই হাজার একশো সতেরো টাকা মাত্র) এবং তদুপরি সুদ<br>(গ) ০৫.০২.২০২৫ |
| ৩. | (ক) কাঁথি ব্রাঞ্চ<br>(খ) শ্রী শ্রীহরি সামাই এবং শ্রী শ্রীদাম সামাই | সম্পত্তির সকল অপরিহার্য অংশ অবস্থিত জেলা– পূর্ব মেদিনীপুর এডিএসআর কাঁথি–১, কাঁথি, থানা– কাঁথি, মৌজা– ফুলবাড়ি, জে এল নং ৪২৪, এল আর খতিয়ান নং ৪৪০, আর এস ও এল আর দাগ/প্লট নং ১৭৪, পরিমাপ ১০ ডেসিমেল বাস্তুজমি নামাঙ্কিত শ্রী শ্রীদাম সামাই দলিল নং আই–১৩৬৫ সাল ১৯৮৮ স্বাক্ষরিত শ্রী শ্রীপতি কুমার সামাই, শ্রী শ্রীধর কুমার সামাই এবং শ্রী শ্রীদাম সামাই। চৌহদ্দি:– উত্তরে: একই প্লট নং ১৭৪ এর বাকি অংশ, দক্ষিণে: প্লট নং ১৫৩ এবং এজমাল পথ, পূর্বে: প্লট নং ৯৪৬, পশ্চিমে: প্লট নং ১৫৩ এবং এজমাল পথ | (ক) ১২.১১.২০২৪<br>(খ) ₹১৭,৫৫,৫৭৯.৭২ (সতেরো লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশো ঊনআশি টাকা ও বাহাত্তর পয়সা মাত্র) এবং তদুপরি সুদ<br>(গ) ০৫.০২.২০২৫ |

**তারিখ: ০৫.০২.২০২৫, স্থান: কাঁথি** — **অনুমোদিত আধিকারিক, কানাড়া ব্যাঙ্ক**



Arcil Premier ARC

**অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (এআরসিআইএল)**
**বিবিধ এআরসিআইএল ট্রাস্টের ট্রাস্টি হিসেবে এর ক্ষমতাবলে ক্রিয়াশীল**
**এআরসিআইএল অফিস:** দ্য রুবি, ফ্লোর নং ১০, ২৯, সেনাপতি বাপট মার্গ, দাদার (ওয়েস্ট), মুম্বই–৪০০০২৮
**ব্রাঞ্চ অফিস:** রুম নং ১০০১, ফ্লোর ১০, সিগনেট টাওয়ার, ডিএন ২, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা–৭০০০৯১, পশ্চিমবঙ্গ
ফোন: ০৩৩–৪৮২২৬৬০৮, ওয়েবসাইট: **https://auction.arcil.co.in; সিআইএন: U65999MH2002PLC134884**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৬, ৮ ও ৯–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট)–এর অধীনে অর্পিত ক্ষমতাবলে অনলাইন ই–নিলামের মাধ্যমে সম্পত্তি বিক্রির প্রকাশ্য বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ (‘রুলস’)–এর রুল ৬, ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (‘অ্যাক্ট’)–এর সংস্থানসমূহের শর্তাধীনে বিবিধ এআরসিআইএল ট্রাস্টের ট্রাস্টি হিসাবে (রেজিস্টার্ড ভারার্পণ চুক্তি অনুযায়ী আর্থিক পরিসম্পদের ভারার্পণ চুক্তির প্রেক্ষিতে) পাশে নির্দিষ্টভাবে উল্লিখিত ট্রাস্টসমূহের ট্রাস্টি হিসেবে অর্পিত ক্ষমতাবলে ক্রিয়ারত অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড নীচে উল্লেখমতো সুরক্ষিত ঋণদাতার পাওনা ও অনাদায়ী অর্থাঙ্ক, তদুপরি উদ্ভূত সুদ, চার্জ ও মাশুল ইত্যাদি পুনরুদ্ধারের জন্য অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড–এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা ও দখলীকৃত নিম্নলিখিত স্থাবর সম্পত্তি(গুলি) ‘যেমন আছে’, ‘যেখানে আছে’, ‘যেভাবে আছে’ ও ‘রিকোর্স ছাড়া’ ভিত্তিতে অনলাইন ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।

| ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণের নাম | এলএএন নম্বর এবং বিক্রেতা ব্যাঙ্ক | ট্রাস্টের নাম | ১৫ নভেম্বর, ২০২৩ তারিখের সারফায়েসি নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক | দখলের প্রকৃতি এবং তারিখ | পরিদর্শনের তারিখ | সম্পত্তির প্রকৃতি এবং পরিমাপ | বায়না জমা (ইএমডি) (₹) | সংরক্ষণ মূল্য (₹) | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঋণগ্রহীতা: মানিক খান/ শ্যামলী খান (শঙ্কর খানের আইনি উত্তরাধিকারী হিসাবে) | HL0011/ HCAH00001087 (ম্যাগমা ফিনকর্প লিমিটেড) | এআরসিআইএল রিটেল লোন পোর্টফোলিও ০৪৬–এ ট্রাস্ট | ₹৮৪,০০,১১৪.৫৭/– (ভারতীয় টাকায় চুরাশি লক্ষ একশো চৌদ্দ টাকা এবং সাতান্ন পয়সা মাত্র), ১৫ নভেম্বর, ২০২৩ অনুযায়ী + এর ওপর উদ্ভূত সুদ + আইনি খরচ | বাস্তবিক ৩০ অক্টোবর, ২০২৪ | অনুরোধ জানালে ব্যবস্থা করা হবে | ফ্রিহোল্ড জমি এবং নির্মাণ (জমির মাপ ৩ কাঠা ৯ ছটাক) | ₹৪,৯৩,৫০০/– (ভারতীয় টাকায় চার লক্ষ তিরানব্বই হাজার পাঁচশো টাকা মাত্র) | ₹৪৯,৩৫,০০০/– (ভারতীয় টাকায় উনপঞ্চাশ লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) | ১৩ মার্চ, ২০২৫ দুপুর ১২টো ৩০ মিনিট |

**নিলাম হতে চলা সুরক্ষিত পরিসম্পদের বিবরণ:** সম্পত্তির মালিক মানিক খান এবং শ্যামলী খান: স্থাবর সম্পত্তি জমি এবং নির্মাণ (জমির মাপ ৩ কাঠা ৯ ছটাক)। সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, জমি এবং নির্মাণ, মৌজা–কোন্নগর, জে এল নং ৭, তৌজি নং ১৭৩, রে সা নং ১৭৫৯, দাগ নং ৪০৪৩, খতিয়ান নং ৩৪০৮ (অধীনস্থ খতিয়ান নং ২৬০ কেএ), হোল্ডিং নং ৯৮, ক্রিপার রোড, থানা উত্তরপাড়া, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ এবং চৌহদ্দি উত্তরে: শ্রীমতী সাধনা বোসের বাড়ি, দক্ষিণে: ক্রিপার রোড, পূর্বে: কমন প্যাসেজ, পশ্চিমে: মদন মাইতির বাড়ি।

| ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণের নাম | এলএএন নম্বর এবং বিক্রেতা ব্যাঙ্ক | ট্রাস্টের নাম | ২১ মার্চ, ২০১৮ তারিখের সারফায়েসি নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক | দখলের প্রকৃতি এবং তারিখ | পরিদর্শনের তারিখ | সম্পত্তির প্রকৃতি এবং পরিমাপ | বায়না জমা (ইএমডি) (₹) | সংরক্ষণ মূল্য (₹) | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঋণগ্রহীতা: সন্তোষ কুমার মাধোগোরিয়া/কুসুম দেবী মাধোগোরিয়া | 07952700000301 (ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক) | এআরসিআইএল–এসবিপিএস–০২২–IV-ট্রাস্ট | ₹৬৫,১৭,৭৭৫.১০/– (ভারতীয় টাকায় পঁয়ষট্টি লক্ষ সতেরো হাজার সাতশো পঁচাত্তর টাকা এবং দশ পয়সা মাত্র), ২১ মার্চ, ২০১৮ অনুযায়ী + এর ওপর উদ্ভূত সুদ + আইনি খরচ | বাস্তবিক ২৮ নভেম্বর, ২০২৪ | অনুরোধ জানালে ব্যবস্থা করা হবে | ফ্রিহোল্ড আবাসিক ফ্ল্যাট (কমবেশি ১০৬৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া) | ₹৫,৮০,৯০০/– (ভারতীয় টাকায় পাঁচ লক্ষ আশি হাজার নশো টাকা মাত্র) | ₹৫৮,০৯,০০০/– (ভারতীয় টাকায় আটান্ন লক্ষ নয় হাজার টাকা মাত্র) | ১৩ মার্চ, ২০২৫ দুপুর ২টো |

**নিলাম হতে চলা সুরক্ষিত পরিসম্পদের বিবরণ:** সম্পত্তির মালিক সন্তোষ কুমার মাধোগোরিয়া এবং কুসুম দেবী মাধোগোরিয়া : স্থাবর সম্পত্তি, ফ্ল্যাট মাপ কমবেশি ১০৬৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া। চতুর্থ তলে, পূর্ব দিকে স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, ফ্ল্যাট ন ৩এ, প্রথম তলে একটি গ্যারাজের স্পেস সহ, প্রেমিসেস নং ৩, পার্বতী চক্রবর্তী লেন, থানা কালীঘাট, কলকাতা–৭০০০২৬, উত্তরে: পার্বতী চক্রবর্তী লেন, দক্ষিণে: ১১৫/৪, হাজরা রোড, পূর্বে: ১১৭, হাজরা রোড, পশ্চিমে: ১, পার্বতী চক্রবর্তী লেন।

| ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণের নাম | এলএএন নম্বর এবং বিক্রেতা ব্যাঙ্ক | ট্রাস্টের নাম | ৯ জানুয়ারি, ২০২০ তারিখের সারফায়েসি নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক | দখলের প্রকৃতি এবং তারিখ | পরিদর্শনের তারিখ | সম্পত্তির প্রকৃতি এবং পরিমাপ | বায়না জমা (ইএমডি) (₹) | সংরক্ষণ মূল্য (₹) | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঋণগ্রহীতা: আশিস বসাক/পূর্ণলক্ষ্মী বসাক | KOLHL17000417 (এল অ্যান্ড টি ফিনান্সিয়াল সার্ভিসেস) | এআরসিআইএল–রিটেল লোন পোর্টফোলিও ০৫৮–বি ট্রাস্ট | ₹৪০,৬২,৪০৫.৭৮/– (ভারতীয় টাকায় চল্লিশ লক্ষ বাষট্টি হাজার চারশো পাঁচ টাকা এবং আটাত্তর পয়সা মাত্র), ৯ জানুয়ারি, ২০২০ অনুযায়ী + এর ওপর উদ্ভূত সুদ + আইনি খরচ | বাস্তবিক ৯ ডিসেম্বর, ২০২৪ | অনুরোধ জানালে ব্যবস্থা করা হবে | ফ্রিহোল্ড আবাসিক জমি এবং নির্মাণ (জমির মাপ কমবেশি প্রায় ১ কাঠা ৭ ছটাক এবং ১৩ বর্গফুট) | ₹৪,৯০,০০০/– (ভারতীয় টাকায় চার লক্ষ নব্বই হাজার টাকা মাত্র) | ₹৪৯,০০,০০০/– (ভারতীয় টাকায় উনপঞ্চাশ লক্ষ টাকা মাত্র) | ১৩ মার্চ, ২০২৫ দুপুর ২টো ৩০ মিনিট |

**নিলাম হতে চলা সুরক্ষিত পরিসম্পদের বিবরণ:** সম্পত্তির মালিক আশিস বসাক এবং পূর্ণলক্ষ্মী বসাক: জমি এবং নির্মাণের স্থাবর সম্পত্তি, মাপ কমবেশি প্রায় ১ কাঠা, ৭ ছটাক এবং ১৮ বর্গফুট, মোট কভার্ড এরিয়া ২১০০ বর্গফুট (প্রথম তল ৮০০ বর্গফুট, দ্বিতীয় তল ৮০০ বর্গফুট, তৃতীয় তল ৫০০ বর্গফুট)। জমি সহ তিনতলা বিল্ডিংয়ের সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১১/১এ, রতন নিয়োগী লেন, কলকাতা–৭০০০৪, থানা মানিকতলা, পুর ওয়ার্ড নং ১৫, কলকাতা পুরনিগমের অধীন এবং চৌহদ্দি উত্তরে: ৬০/৩এ এবং ৬০/৩বি গৌরী বাড়ি লেন, দক্ষিণে: ১২, রতন নিয়োগী লেন, পূর্বে: রতন নিয়োগী লেন, পশ্চিমে: ৬০/৫, গৌরী বাড়ি লেন।

| | | | |
|---|---|---|---|
| এআরসিআইএল–এর জানা বকেয়া আইনি মামলা | শূন্য | এআরসিআইএল–এর জানা দায় | শূন্য |
| ডাক পেশের শেষ তারিখ | নিলামের নির্ধারিত তারিখে ২ ঘণ্টা আগে | ডাক বাড়ানোর মূল্য | ডাক নথিতে যেমনটা উল্লেখ করা আছে |
| যে নামে ডিমান্ড ড্রাফ্‌ট কাটতে হবে | ১) এআরসিআইএল রিটেল লোন পোর্টফোলিও ০৪৬–এ ট্রাস্ট, ২) এআরসিআইএল–এসবিপিএস–০২২–IV–ট্রাস্ট ৩) এআরসিআইএল–রিটেল–লোন পোর্টফোলিও ০৫৮–বি–ট্রাস্ট | প্রদেয়মতে | |
| আরটিজিএস সম্পর্কিত বিশদ তথ্য | ১) অ্যাকাউন্টের নাম: এআরসিআইএল রিটেল লোন পোর্টফোলিও ০৪৬–এ ট্রাস্ট: অ্যাকাউন্ট নং: ৫৭৫০০০০০০১৭০৪১: আইএফএস কোড: HDFC0000542; এইচডিএফসি–এর কাছে রক্ষণাবেক্ষণকৃত<br>২) অ্যাকাউন্টের নাম: এআরসিআইএল এসবিপিএস–০২২–IV–ট্রাস্ট: অ্যাকাউন্ট নং: ০৫৪২০৩৫০০০২০৭০: আইএফএস কোড: HDFC0000542; এইচডিএফসি–এর কাছে রক্ষণাবেক্ষণকৃত<br>৩) অ্যাকাউন্টের নাম: এআরসিআইএল–রিটেল লোন পোর্টফোলিও ০৫৮–বি–ট্রাস্ট: অ্যাকাউন্ট নং: ৫৭৫০০০০৪৩৯৫৮৬: আইএফএস কোড: HDFC0000542; এইচডিএফসি–এর কাছে রক্ষণাবেক্ষণকৃত | | |
| যোগাযোগের ব্যক্তির নাম ও নম্বর | শৈলেশ গায়কোয়াড়: ৯৮৬৭৯২৯১২১ (shailesh.gaikwad@arcil.co.in);<br>সৈয়দ সইদুল আলম: ৯৬৭৪৭১৮৪৩৫ (syed.saidulalam@arcil.co.in) | | |

**শর্ত ও নিয়মাবলি:**

১. এই নিলাম বিক্রি ই–নিলাম উপায়ে https://auction.arcil.co.in ওয়েবসাইটের মাধ্যমে এবং ডাক নথিতে উল্লিখিত শর্ত ও নিয়মাবলি এবং এতে উল্লিখিত পদ্ধতিতে পরিচালিত হবে।
২. ইন্টারনেট সংযোগ, নেটওয়ার্ক সম্পর্কিত সমস্যা, সিস্টেম ক্র্যাশ করে যাওয়া, বিদ্যুৎ চলে যাওয়া ইত্যাদির জন্য এআরসিআইএল–এর অনুমোদিত আধিকারিক (‘এও’) বা এআরসিআইএল দায়ী থাকবেন না।
৩. নিলামের যে কোনও পর্যায়ে কোনও কারণ না দেখিয়া এবং আগাম কোনও নোটিস ছাড়াই ডাক/দরপ্রস্তাব গ্রহণ/বাতিল/সংশোধন/রদ করা বা নিলাম স্থগিত রাখা/ বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে।
৪. প্রযোজ্য আইন মোতাবেক তাঁর/তাঁদের/তার নামে সুরক্ষিত পরিসম্পদ স্থানান্তর/হস্তান্তরের জন্য প্রয়োজনীয় যাবতীয় বিধিবদ্ধ বকেয়া, কর, ফি, ক্রয়মূল্যের ওপর প্রযোজ্য জিএসটি, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি সফল ক্রেতা/ ডাকদাতাকেই বহন করতে হবে।
৫. নিজের ডাক পেশের আগে সম্পত্তি সংক্রান্ত যাবতীয় দায়, সুরক্ষিত পরিসম্পদের স্বত্ব, সুরক্ষিত পরিসম্পদকে প্রভাবিত করতে পারে এমন যে কোনও দাবি/অধিকার/বকেয়া সম্পর্কে নিজ উদ্যোগে স্বাধীনভাবে পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান চালিয়ে নেবেন ও সতর্কতা অবলম্বন করবেন। নিলামের এই বিজ্ঞাপন এআরসিআইএল–এর তরফে কোনও প্রকার দায়বদ্ধতা বা প্রতিনিধিত্ব গঠন করে না বা করে বলে ধরেও নেওয়া যাবে না। কোনও ধরনের তৃতীয় পক্ষের দাবি/অধিকার/বকেয়ার জন্য এআরসিআইএল–এর অনুমোদিত আধিকারিক দায়ী থাকবেন না।
৬. সংবাদপত্রে প্রকাশিত নিলামের এই নোটিসে উল্লিখিত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর সেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হলেও এতে কোনও ধরনের ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী দায়ী হবেন না।
৭. ওপরে লেখা অনাদায়ী বকেয়ার প্রেক্ষিতে দায়বদ্ধ ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণ এই নোটিসটি ওপরে লেখা নিলাম বিক্রি আয়োজনের প্রেক্ষিতে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস–এর রুল ৮ ও ৯–এর অধীনে একটি নোটিস রূপে বিবেচনা করবেন।
৮. ওপরে উল্লিখিত তারিখে নির্ধারিত এই নিলাম যদি কোনও কারণে ব্যর্থ হয়, সেক্ষেত্রে ওপরে লেখা রুলস ও অ্যাক্টের প্রাসঙ্গিক সংস্থানাধীনে অপর কোনও উপায়ে উপরোক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি বিক্রির পূর্ণ অধিকার এআরসিআইএল–এর থাকবে।

**স্থান: কলকাতা**
**তারিখ: ৭ ফেব্রুয়ারি, ২০২৫**

**স্বাঃ– অনুমোদিত আধিকারিক**
**অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড**